

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd

নম্বর: ধবিম/হ:শা:/৬-২৫/২০১০-১৯০

তারিখ: ১১ আষাঢ়, ১৪২৯
২৫ জুন, ২০২২**বিষয়: কারণ দর্শানোর নোটিশ**

যেহেতু আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নিবন্ধিত হজ এজেন্সি বাব-ই-মদিনা ট্রাভেলস এন্ড ট্যুরস (হজ লাইসেন্স নং-৫২৭), ৩/৪, পুরানা পল্টন, মদিনা টাওয়ার (৪র্থ তলা), রুম নং-৪০৫/বি, ঢাকা-১০০০ এর স্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন; এবং

০২। যেহেতু আপনি হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ০৯ ধারায় বর্ণিত নিবন্ধনের শর্তসমূহ পালনে দৃঢ়ভাবে অঙ্গীকারাবদ্ধ; এবং

০৩। যেহেতু আপনার এজেন্সির বিরুদ্ধে জনাব মো: মোতালেব হোসেন (মোবা: ০১৬৭৪৬০৬৫৯৬) নিম্নরূপ অভিযোগ দাখিল করেছেন:

গত ১৮.০৫.২০২২ তারিখ অভিযোগকারীসহ মোট ০৫ জনের নিকট হতে রিপ্লেসমেন্ট এর মাধ্যমে হজে নেয়ার কথা বলে ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা গ্রহণ করেন। দীর্ঘ সময় অতিবাহিত হওয়ার পরও হজে না নেয়ায় হজক্যাম্প আশকোনা ও এজেন্সির অফিস ঠিকানায় যোগাযোগ করেন। ফোন দিলে কখনও ধরেন আবার কখনও ধরেন না। সর্বশেষ ২০.০৬.২০২২ তারিখে হজে পাঠাতে পারবেন না বলে জানায়। সে প্রেক্ষিতে টাকা ও পাসপোর্ট ফেরত চাইলে ফেরত না দিয়ে ২৩.০৬.২০২২ তারিখ ৬,৬০,০০০/- টাকা করে দিলে ০৫ জন থেকে ০৩ জনকে হজে নেবেন। পরবর্তীতে নতুন করে জনপ্রতি ৬,০০,০০০/- টাকা প্রদান করলে ০৩ জনকে হজে নেবেন বলে জানায়। জমাকৃত ১৫,০০,০০০/- টাকা হতে ৫,০০,০০০/- দিবেন এবং আরো ১৩,০০,০০০/- টাকা তাকে প্রদান করতে হবে। হজে না নিতে পারলে পাসপোর্ট ও টাকা ফেরত চাইলে তালবাহানা শুরু করেছে এবং নতুন করে ২৭.০৬.২০২২ তারিখ সোমবার সময় দিয়েছে; এবং

০৪। যেহেতু আপনার এরূপ কার্যক্রম হজযাত্রীর সাথে প্রতারণার সামিল; যা হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর পরিপন্থী; এবং

০৫। যেহেতু আপনার এ ধরনের কার্যক্রমের কারণে হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের কারণসমূহ বিদ্যমান;

০৬। সেহেতু আপনার কর্তৃক পরিচালিত বাব-ই-মদিনা ট্রাভেলস এন্ড ট্যুরস (হজ লাইসেন্স নং-৫২৭) এর বিরুদ্ধে হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ১৩ ধারা অনুযায়ী কেন প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব আগামী ০৩ (তিন) দিনের মধ্যে এ মন্ত্রণালয়ে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৫.০৬.২০২২

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব

ফোন: ৫৫১০১১১৮

e-mail: morahajsection@gmail.com

স্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক

বাব-ই-মদিনা ট্রাভেলস এন্ড ট্যুরস (হজ লাইসেন্স নং-৫২৭),

৩/৪, পুরানা পল্টন, মদিনা টাওয়ার (৪র্থ তলা), রুম নং-৪০৫/বি, ঢাকা-১০০০

নম্বর: ধবিম/হ:শা:/৬-২৫/২০১০-১৯০

তারিখ: ২৫.০৬.২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
২. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (www.mora.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাতারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কারওয়ান বাজার, ঢাকা (www.hajj.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. অফিস কপি।

২৫.০৬.২০২২

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব